দৈনিক বাংলা

তারিখ ৪।১১।৮০

2

35

# কারিগরি শিক্ষক কর্মচারীদের দাবী পরীক্ষায় কমিটি হচ্ছে

(স্টাফ রিপোর্টার)

প্রধানমন্ত্রী জনাব শাহ আজিজুর রহমান বলেছেন: কারিগরি শিক্ষক-কর্মচারীদের ন্যায্য দাবীদাওয়া পরীক্ষার জন্য শীঘ্রই একটি কমিটি গঠন করা হচ্ছে। কমিটির সুপারিশ কার্যকরী করা হলে বেতনের সকল প্রকার বৈষম্য দূর হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

প্রধানমন্ত্রী সোমবার কারিগরি শিক্ষা পরিদপ্তর কর্মচারী সমিতির দু'দিনব্যাপী প্রথম জাতীয় সম্মেলনে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। সমিতির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি জনাব আব্দুর রহিম খানের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সম্মেলনে দেশের বিভিন্ন এলাকা থেকে প্রায় এক হাজার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

প্রধানমন্ত্রী বলেন: বর্তমান সরকার কারিগরি শিক্ষার উপর সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছেন, বিদেশে কারিগরদের যথেষ্ট চাহিদাও রয়েছে।

(শেষ পৃঃ ৮-এর কঃ দ্রঃ)

সম্মেলনের শুরুতে রাষ্ট্রপতিকে দেয়ার জন্য একটি এবং প্রধানমন্ত্রীকে একটি ব্রিফকেস দেয়া হয়। এই ব্রিফকেস দু'টি কারিগরদের দিয়ে বিশেষভাবে তৈরি করা হয়।

সম্মেলনে সমিতির সেক্রেটারী জেনারেল জনাব গোলাম মোস্তফা 'আমাদের কথা' শীর্ষক এক প্রবন্ধে তাদের অভাব-অভিযোগগুলো অবিলম্বে দূর করার জন্য সরকারের প্রতি আহবান জানান।